

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।  
সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের অনলাইন ভর্তি/২০১৬ কার্যক্রমের বিজ্ঞপ্তি

সরকারি মাধ্যমিক স্কুল সমূহে ২০১৬ সালের ভর্তি প্রক্রিয়া “সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির নীতিমালা-২০১৫” অনুসারে অনলাইনে সম্পন্ন করা হবে। ছাত্র-ছাত্রীদের অনলাইনে ভর্তি পরীক্ষার জন্য নিবন্ধন ও ফলাফল প্রকাশসহ যাবতীয় কার্যক্রম [www.eductg.gov.bd](http://www.eductg.gov.bd) ওয়েবসাইটে সম্পন্ন করা হবে। আগামী ২৫ নভেম্বর ২০১৫ তারিখ হতে ১০ ডিসেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত সময়ে অনলাইনে আবেদন করা যাবে। এর পরে আর কোনো আবেদন করা যাবে না। আবেদনপত্র সরাসরি কোনো স্কুলে জমা প্রদান করা যাবে না। নয়টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে নিম্নোক্ত শূন্য আসনসমূহের বিপরীতে ভর্তির জন্য ভর্তি প্রক্রিয়া শুরু হবে:

ক্রম	বিদ্যালয়ের নাম	শ্রেণিভিত্তিক শূন্য আসনের তথ্য					বিশেষ দৃষ্টি আকর্ষণ
		৫ম	৬ষ্ঠ	৭ম	৮ম	৯ম	
০১	কলেজিয়েট স্কুল	৩২০	---	---	---	১৪০	গভঃ মুসলিম হাই স্কুল এর ৮ম শ্রেণির ১০ জন দিবা শাখা, চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এর ৬ষ্ঠ শ্রেণির ১০০ জন দিবা শাখা এবং ৯ম শ্রেণির ৬০ জন এর ভিতর ৪০ জন বানিজ্য ও ২০ জন বিজ্ঞান শাখায়, সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এর ৬ষ্ঠ শ্রেণির ৭০ জন এবং ৯ম শ্রেণির ৪১ জন দিবা শাখায় ভর্তি করা হবে।
০২	গভঃ মুসলিম হাই স্কুল	১৬০	১৬০	---	১০	১৪০	
০৩	নাসিরাবাদ সরকারি বালক উচ্চ বিদ্যালয়	১৬০	১৮০	---	১০০	১৯০	
০৪	ডঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়	৩২০	---	---	---	---	
০৫	চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়	২৪০	---	---	---	৮০	
০৬	চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়	১৬০	১০০	---	---	৬০	
০৭	বাকলিয়া সরকারি উচ্চ বিদ্যালয় (বালক শাখা)	৮০	১০০	৩০	৪০	৪০	
	বাকলিয়া সরকারি উচ্চ বিদ্যালয় (বালিকা শাখা)	৮০	১৫	১৫	১৫	৪০	
০৮	হাজি মুহাম্মদ মহসিন সরকারি উচ্চ বিদ্যালয়	১৬০	৩০	---	---	৪০	
০৯	সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়	২৪০	৭০	---	---	৪১	
মোট		১৯২০	৬৫৫	৪৫	১৬৫	৭৭১	

২। ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণির ভর্তি কার্যক্রম নীতিমালা মোতাবেক ভর্তি পরীক্ষার মাধ্যমে সম্পন্ন হবে। শুধুমাত্র ৯ম শ্রেণির ক্ষেত্রে জেএসসি/জেডিসি পরীক্ষার ফলাফল বিবেচনাপূর্বক ভর্তি করা হবে। বোর্ড কর্তৃক ফলাফল ঘোষণার পর নবম শ্রেণির ফলাফল ঘোষণা করা হবে।

৩। সকল বিদ্যালয়ের ৫ম শ্রেণির ভর্তি পরীক্ষা ২২/১২/২০১৫ তারিখ মঙ্গলবার সকাল ১০.০০ টা হতে ১২.০০ টা পর্যন্ত এবং ৮ম শ্রেণির ভর্তি পরীক্ষা একই দিন (২২/১২/২০১৫) বেলা ১.০০ টা হতে ৩.০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ৬ষ্ঠ শ্রেণির ভর্তি পরীক্ষা ২৬/১২/২০১৫ তারিখ শনিবার সকাল ১০.০০ টা হতে

১২.০০ টা পর্যন্ত এবং ৭ম শ্রেণির ভর্তি পরীক্ষা একই দিন (২৬/১২/২০১৫) বেলা ১.০০ টা হতে ৩.০০ টা পর্যন্ত সময়ে অনুষ্ঠিত হবে।

৪। কোটা সমূহের মধ্যে ৫%মুক্তিযোদ্ধা(পুত্র/সন্তান/নাতি/নাতনী), ২%প্রতিবন্ধি, ২%শিক্ষক (সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা/কর্মচারী সন্তানদের সংশ্লিষ্ট কর্মস্থলে) ও ১০% সরকারি প্রাথমিক বিদ্যালয় (শুধুমাত্র ৬ষ্ঠ শ্রেণির জন্য) কোটায় ভর্তি করা হবে। কোটা আবেদনের পর কোটা যাচাই-বাছাই এর নির্ধারিত তারিখ- ১২,১৩,১৪ ডিসেম্বর ২০১৫(ছাত্রদের জন্য গভঃ মুসলিম হাই স্কুল এবং ছাত্রীদের ডাঃ খাস্তগির সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে বাছাই হবে) মোবাইল মেসেজের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

৫। অনলাইন (Online) আবেদনের নিয়মাবলি এবং আবেদনের প্রক্রিয়া [www.eductg.gov.bd](http://www.eductg.gov.bd) ওয়েব সাইটে দেয়া আছে। আবেদনের বিস্তারিত প্রক্রিয়া ডাউনলোড করে নিতে পারবেন। ভর্তি সংক্রান্ত সকল তথ্য ও নোটিশ [www.eductg.gov.bd](http://www.eductg.gov.bd) এবং [www.chittagong.gov.bd](http://www.chittagong.gov.bd) এ নিয়মিত আপডেট দেয়া হবে।

৬। বিশেষ জ্ঞাতব্য বিষয়সমূহঃ ক) অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। এজন্য আবেদনকারি দায়ি থাকবেন; খ) ভর্তি সংক্রান্ত জেলা কমিটি ভর্তি সংক্রান্ত যে কোন নিয়ম সংশোধন, সংযোজন বা পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে; গ) শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদন করার পরামর্শ দেয়া যাচ্ছে; ঘ) আবেদনের জন্য কোনো সময় বর্ধিত করা হবেনা।

মেজবাহ উদ্দিন  
জেলা প্রশাসক, চট্টগ্রাম  
ও সভাপতি, ভর্তি কমিটি।